# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৬৩০

পর্ব-১১: হজ্জ (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ৭. প্রথম অনুচ্ছেদ - কুরবানীর পশুর বর্ণনা

بَابُ الْهَدْىِ

আরবী

وَعنهُ قَالَ: نَحَرَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ نِسَائِهِ بَقَرَةً فِي حَجَّتِهِ. رَوَاهُ مُسْلِمٌ

বাংলা

২৬৩০-[4] জাবির (রাঃ) হতে এ হাদীসটিও বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজ হাতে তাঁর স্ত্রীদের পক্ষ হতে একটি গরু কুরবানী দিয়েছিলেন। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ১৩১৯, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৮৭৭৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: বিদায়ী হজ্জে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম গরু নাহর বা কুরবানী করেন তার স্ত্রীদের পক্ষ হতে। অন্য বর্ণনায় আছে, একটি বকরী দিয়েছিলেন। আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত হয়েছে, ‘উমরা আদায়কারী স্ত্রীদের পক্ষ হতে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম গরু কুরবানী করেন। জাবির, ‘আয়িশাহ্ ও আবূ হুরায়রার হাদীসে প্রমাণিত কুরবানী যদি উট বা গরু হয় তবে তাতে শারীক হতে পারে। এ বিষয় ‘উলামাগণের ইখতেলাফ আছে। ইমাম শাফি‘ঈ, ইমাম আহমাদ এবং অধিকাংশ ‘আলিমদের মত হলো কুরবানীর মধ্যে শারীক হওয়া জায়িয। চাই কুরবানী ওয়াজিব হোক বা নফল হোক। আর দাউদ, যাহিরী ও কিছু মালিকীদের মতে নফল কুরবানীতে শারীক হওয়া জায়িয আছে, ওয়াজিব কুরবানীতে জায়িয নেই। এ মত ঠিক নয় কারণ জাবির (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে ফায়েদা উঠাতাম ফলে আমরা গরু যাবাহ করতাম সাতজনের পক্ষ হতে। আমরা তাতে শারীক হতাম। আর ইমাম মালিক (রহঃ)-এর মতে কোন অবস্থাতেই কুরবানীতে শারীক হওয়া জায়িয নয়। তবে তার এ মত এখানে আলোচিত অধ্যায়ের খিলাফ। তবে তার থেকে আহমাদ বর্ণনা করেছেন যে, তিনি এ মত হতে ফিরে এসেছেন। আর অধিকাংশদের সাথে মত ব্যক্ত করেছেন। আর সম্ভবত ইমাম মালিক-এর নিকট এ হাদীস পৌছায়নি। ইমাম আবূ হানীফা (রহঃ)-এর মত হলো

সব অবস্থায় শারীক কুরবানী জায়িয। চাই ওয়াজিব হোক আর নফল হোক।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57190

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন